গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
সংসদ ও সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

স্মারক নম্বর: ১৮.০০.০০০০.০৩৬.০৬.০১৬.১৯(অংশ-১).১১১

তারিখ ৬ আষাঢ়, ১৪২৯ ব:
২২ জুন ২০২২ খ্রি:

**বিষয়: মে, ২০২২ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী:**

সভাপতি : মোঃ মোস্তফা কামাল
সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়

তারিখ : ০৯-০৬-২০২২ খ্রি:

সময় : বেলা ১০.৩০ ঘটিকা

স্থান : মন্ত্রণালয়ের সভা কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ পরিশিষ্ট-কঃ সভায় উপস্থিত কর্মকর্তাগণ।
পরিশিষ্ট-খঃ সভায় ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত কর্মকর্তাগণ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষ্যে নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত কর্মসূচি সুষ্ঠু, সুন্দর ও সফলভাবে সম্পন্ন হওয়ায় সকলকে ধন্যবাদ জানান। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র সভায় উপস্থাপন করেন। সংস্থাসমূহের প্রধানগণ, প্রতিনিধি, মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ এবং ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত অন্যান্য কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সর্বসম্মত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | গত ১১-০৫-২০২২ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকলে অনুমোদন করা যেতে পারে মর্মে সভাকে অবহিত করেন। | ১১-০৫-২০২২ তারিখ অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা নিশ্চিত করা হয়। | – |

| | | | | |
|---|---|---|---|---|
| ২. | **জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী যথোপযুক্ত মর্যাদায় উদযাপনের লক্ষ্যে সম্ভাব্য কর্মসূচি** | যুগ্মসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষ্যে নৌপরিবহন মন্ত্রণালয় নিম্নরূপ কর্মসূচি পালন করেছে:<br>(১) **"বঙ্গবন্ধু ও নদী মাতৃক বাংলাদেশ" শিরোনামে ১ম** সেমিনার গত ২৯-১১-২০২০ তারিখে হোটেল সোনারগাঁও-এ আয়োজন করা হয়।<br>(২) "বঙ্গবন্ধুর দর্শন ও সুনীল অর্থনীতি" শিরোনামে ২য় সেমিনার ০৭-০২-২০২১ তারিখে হোটেল ইন্টারকন্টিনেন্টাল-এ আয়োজন করা হয়।<br>(৩) **"বঙ্গবন্ধুঃ শ্বাশ্বত বাংলার প্রতিরূপ"** শিরোনামে ৩য় সেমিনার ঢাকা থেকে চাঁদপুর পর্যন্ত নৌপথে গত ২৬-১২-২০২১ তারিখে আয়োজন করা হয়।<br>(৪) নবনির্মিত ৪টি মেরিন একাডেমির শিক্ষা কার্যক্রম গত ১৬-০১-২০২২ তারিখ হতে চালু করা হয়েছে।<br>(৫) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে ১৭ মার্চ, ২০২০ থেকে সকল বীর মুক্তিযোদ্ধাদের আজীবন ফেরিঘাট ও লঞ্চ ঘাটের টোল ফ্রি সুবিধা প্রদান করা হয়েছে।<br>সভাপতি বাস্তবায়নকৃত কর্মসূচিসমূহকে অন্তর্ভুক্ত করে একটি প্রতিবেদন প্রকাশের নির্দেশনা দেন। এছাড়া সেমিনার-এর আউটকাম সম্পর্কে লিখিতভাবে মন্ত্রণালয়কে অবহিত করার জন্যও দপ্তর ও সংস্থাসমূহকে নির্দেশনা দেন।<br>নবনির্মিত ৪টি মেরিন একাডেমির কমান্ড্যান্টগণ একাডেমির শিক্ষা কার্যক্রম সম্পর্কে নিম্নরূপে সভাকে অবহিত করেন:<br>**কমান্ড্যান্ট, রংপুর মেরিন একাডেমি:**<br>একাডেমির কার্যক্রম পরিচালনার লক্ষ্যে যানবাহন ক্রয়ের একটি প্রস্তাব অর্থ বিভাগে নিষ্পত্তির জন্য অপেক্ষমান রয়েছে। যানবাহন না থাকায় একাডেমির কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনায় বিঘ্ন ঘটছে।<br>**কমান্ড্যান্ট, পাবনা মেরিন একাডেমি:**<br>পাবনা মেরিন একাডেমি বন্যা নিয়ন্ত্রণ বাঁধের পাশে অবস্থিত। একাডেমির সামনে একটি স্লুইস গেট নির্মাণের জন্য পানি উন্নয়ন বোর্ডে পত্র দেয়া হয়েছে। এ বিষয়ে কোন অগ্রগতি হয়নি। | ক. স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকীতে নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক যে সমস্ত কর্মসূচি বাস্তবায়ন করা হয়েছে সেগুলোর সমন্বিত প্রতিবেদন প্রকাশ করতে হবে।<br>খ. নবনির্মিত ৪টি মেরিন একাডেমির শিক্ষা কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে বিদ্যমান সমস্যা সম্পর্কে লিখিতভাবে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। | ১. সংশ্লিষ্ট দপ্তর ও সংস্থা প্রধানগণ<br>২. কমান্ড্যান্ট, মেরিন একাডেমি, রংপুর, পাবনা, বরিশাল, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | **কমান্ড্যান্ট, সিলেট একাডেমি:**<br>একাডেমিতে গ্যাস সংযোগ প্রদানের জন্য ডিমান্ড নোটের টাকা জমা দেয়া হয়েছে। এ সংযোগ প্রদানের জন্য রাস্তা খনন করতে হবে বিধায় সড়ক ও জনপথ বিভাগের অনুমতি চাওয়া হয়েছে। কিন্তু সড়ক ও জনপথ বিভাগের অনুমতি না পাওয়ায় সংযোগ দেয়া যাচ্ছে না।<br>সভাপতি এ বিষয়ে সড়ক ও জনপথ বিভাগের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার পরামর্শ প্রদান করেন।<br>বরিশাল মেরিন একাডেমির প্রতিনিধি বলেন যে, তাদের খেলার মাঠ নেই। খেলার মাঠ প্রয়োজন। সভাপতি এ বিষয়ে লিখিতভাবে মন্ত্রণালয়কে অবহিত করার নির্দেশনা দেন। | | |
| ৩. | **বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি** | ক. অতিরিক্ত সচিব (সংস্থা-১) জানান যে, দপ্তর ও সংস্থার APA টিম প্রতিমাসে নিয়মিত সভা করছেন। এপিএ টিম এপিএ-এর লক্ষ্যমাত্রা পূরণের নিমিত্ত মনিটরিংসহ প্রয়োজনীয় পরামর্শ প্রদান করছেন।<br>খ. এপিএ'র লক্ষ্যমাত্রা প্রতিস্থাপন/সংশোধনের প্রস্তাব গত ২৭-০৩-২০২২ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের সংশ্লিষ্ট শাখা হতে মৌখিকভাবে জানানো হয়েছে যে, এখন সূচক সংশোধনের সুযোগ নেই।<br>গ. ২০২২-২৩ সালের এপিএ যথাসময়ে স্বাক্ষরের কার্যকর উদ্যোগ নিতে অনুরোধ জানান।<br>সভাপতি বলেন এপিএ বিষয়ে যেহেতু আরো একটি সভা রয়েছে সেহেতু এ সভায় বিস্তারিত আলোচনা না করে উক্ত সভায় আলোচনা করা হবে। নৌপরিবহন মন্ত্রণালয়কে শীর্ষ ১০টি মন্ত্রণালয়ের মধ্যে থাকার ক্ষেত্রে দপ্তর/সংস্থাপ্রধানসহ সংশ্লিষ্ট সকলকে তৎপর থাকতে অনুরোধ জানান। | ক. এপিএ-তে স্থিরিকৃত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য মন্ত্রণালয়, দপ্তর ও সংস্থার এপিএ টিম নিয়মিত সভা করবে। দপ্তর ও সংস্থা প্রধানগণ বিষয়টি নিশ্চিত করবেন।<br>খ. ২০২১-২২ সালের মন্ত্রণালয় সংশ্লিষ্ট সূচকের প্রমাণক আগামী ৩ জুলাই ২০২২ তারিখের মধ্যে সুশাসন শাখায় প্রেরণ করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধান<br>২. অতিরিক্ত সচিব (সংস্থা-২)<br>৩. যুগ্মসচিব (প্রশাসন) ও উপসচিব (এপিএ) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | **ই-নথি ব্যবস্থাপনা, ইনোভেশন এবং ওয়েবসাইট হালনাগাদকরণ** | **ই-নথি ব্যবস্থাপনাঃ**<br>সিস্টেম এনালিস্ট জনাব জি এম ফয়সাল আহমদ মন্ত্রণালয়, দপ্তর ও সংস্থাসমূহের ই-নথি কার্যক্রমের মাসিক প্রতিবেদন সভায় উপস্থাপন করেন **(পরিশিষ্ট-গ)**। মন্ত্রণালয়ের ই-নথির প্রতিবেদনে উল্লেখ করেন যে, ১ম ত্রৈমাসিকে (জুলাই-সেপ্টেম্বর ২০২১) ই-নথিতে নথি নিষ্পত্তির হার ৮২.৫৮, (অক্টোবর-ডিসেম্বর ২০২১) ২য় ত্রৈমাসিকে ৩য় ত্রৈমাসিকে ই-নথিতে নিষ্পত্তির হার ৮৩.৯৭ এবং (জানুয়ারি-মার্চ ২০২২) ই-নথিতে নথি নিষ্পত্তি হার ৮৫.৭৯।<br>সভাপতি মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থাসমূহের ই-নথির কার্যক্রম জোরদার করার লক্ষ্যে গুরুত্ব আরোপ করেন। | ক. ই-গর্ভনেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ অনুযায়ী ৮০% ফাইল ই-নথিতে সম্পাদন নিশ্চিত করতে হবে।<br>খ. মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ওয়েবসাইটে সেবা বক্সগুলো নির্ধারিত লোগো/তথ্য অনুযায়ী হালনাগাদ রাখতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধান<br><br>২. সিস্টেম এনালিস্ট, নৌপম |
| ৫. | **অডিট আপত্তি নিষ্পত্তিকরণ** | যুগ্মসচিব (প্রশাসন) সভায় জানান যে, মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর ও সংস্থসমূহের ৫০০টি সাধারণ অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে। এছাড়া, ৮১০টি অগ্রিম অডিট আপত্তি ও ১৩৫টি খসড়া অডিট আপত্তিসহ মোট ১৪৪৬টি অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে। এগুলোর সাথে ২৭৬৭১.৫৮ কোটি টাকা জড়িত আছে।<br>উপসচিব (অডিট) বলেন যে, ৮১৪টি অগ্রিম অডিট আপত্তির মধ্যে ৪টি অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে। জাতীয় নদী রক্ষা কমিশনের প্রতিনিধি জানান যে তাদের ১১টি অডিট আপত্তি রয়েছে। অডিট আপত্তি তালিকায় অর্ন্তভুক্তির জন্য অনুরোধ জানান।<br>সভাপতি বলেন যে অডিট আপত্তির নিষ্পত্তির সংখ্যা খুবই কম। অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য দপ্তর/সংস্থা প্রধানগণকে অনুরোধ জানান। | ক. অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে। দপ্তর/সংস্থা থেকে ত্রিপক্ষীয় সভার জন্য মন্ত্রণালয়ে স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণ করবে এবং সে মোতাবেক সংশ্লিষ্ট অনুবিভাগ অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ করে দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভা করবেন।<br>খ. সহজে নিষ্পত্তিযোগ্য অডিট আপত্তির তালিকা সকল সংস্থা প্রস্তুত করে এ মন্ত্রণালয়ের অডিট ও আইন শাখায় প্রেরণ করবে। | ১. সকল দপ্তর/ সংস্থা প্রধান<br><br>২. অতিরিক্ত সচিব(সংস্থা-২) ও উপসচিব (অডিট ও আইন) অধিশাখা |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬. | **দেওয়ানি মামলা সংক্রান্ত তথ্য** | যুগ্মসচিব (প্রশাসন) জানান যে, মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের মোট দায়েরকৃত মামলার সংখ্যা ৪৫৭টি। ৪৪১টির জবাব দাখিল করা হয়েছে। ১৬টির জবাব দাখিল করা হয়নি। সরকারের পক্ষে বিআইডব্লিউটিএ'র ২টি মামলা নিষ্পত্তি হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ জানান যে, মামলাজনিত কারণে অডিট আপত্তিসমূহ নিষ্পত্তি করা যাচ্ছে না মর্মে উল্লেখ করেন।<br>সভাপতি বলেন যে মামলার কারণে কোন কোন কাজ বন্ধ রয়েছে এবং এ যাবত কতটি রীট মামলা রয়েছে তা জানানোর জন্য দপ্তর/সংস্থাসমূহের প্রধানগণকে অনুরোধ জানান। | মামলার কারণে কোন কোন কাজ বন্ধ রয়েছে এবং রীট মামলার সংখ্যা কত তা উল্লেখপূর্বক আলাদাভাবে মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধান<br>২. উপসচিব (অডিট ও আইন) অধিশাখা। |
| ৭. | **তথ্য অধিকার আইন (আরটিআই)** | উপসচিব (এপিএ) সভায় জানান যে, সেবা গ্রহীতাগণের তথ্য প্রাপ্তির আবেদন যথাসময়ে নিষ্পত্তি করা হচ্ছে এবং ওয়েব সাইট নিয়মিত হালনাগাদ করা হচ্ছে।<br>সভাপতি মন্ত্রণালয়, দপ্তর/সংস্থায় তথ্য প্রাপ্তির আবেদন নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করার জন্য অনুরোধ জানান। | ১. সেবা গ্রহীতাগণের তথ্য প্রাপ্তির আবেদন নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে।<br>২. এ বিষয়ে নিয়মিত মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ/ওয়েবসাইট নিয়মিত আপলোড করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধান<br>২. মন্ত্রণালয়ের ফোকাল পয়েন্ট কর্মকর্তা/ উপসচিব (সুশাসন)। |
| ৮. | **বিবিধ:**<br>**৮.১ মন্ত্রণালয়ের কক্ষসমূহের সংস্কার কার্যক্রম** | সভায় জানানো হয় যে, মন্ত্রণালয়ের সভাকক্ষের অভ্যন্তরীণ সজ্জা, ভিডিও ও সাউন্ড সিস্টেম স্থাপনসহ আনুষংগিক অন্যান্য কাজের জন্য চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ ৩য় দরপত্র প্রকাশ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | ৩য় দরপত্রের কার্যক্রম দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | প্রশাসন শাখা ও চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | ৮.২ ক্যাডার সার্ভিসের নাম পদবি ব্যবহার সংক্রান্ত | যুগ্মসচিব (প্রশাসন) সভায় জানান যে, প্রয়োজনীয় কাগজপত্রসহ জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। তৎপরিপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে ২৮-১২-২০২১ তারিখের পত্রে নির্ধারিত চেকলিস্ট মোতাবেক প্রস্তাব প্রেরণের অনুরোধ জানানো হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক চেকলিষ্ট অনুসরণ করে দ্রুত প্রস্তাব প্রেরণ করার জন্য প্রস্তাবগুলো মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করা হয়েছে। এ পরিপ্রেক্ষিতে চেকলিষ্ট অনুসরণপূর্বক প্রস্তাব প্রেরণের জন্য টিসি শাখা হতে ২৫.০১.২০২২ তারিখ, টিএ শাখা হতে ১৭.০২.২০২২ তারিখ এবং চবক শাখা হতে ২৭.০৩.২০২২ তারিখে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থায় প্রস্তাব প্রেরণ করা হয়েছে। টিএ শাখা হতে জানানো হয় যে, বিআইডব্লিউটিএ হতে প্রস্তাব পাওয়া গেছে যা জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়া জাতীয় নদী রক্ষা কমিশন ও বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ থেকে প্রস্তাব প্রেরণ করা হলেও তা যথাযথ না হওয়ায় পুনরায় প্রেরণের জন্য কমিশন এবং বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ-কে অনুরোধ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক চেকলিষ্ট অনুসরণপূর্বক তথ্যাদি সংগ্রহ করে এ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট অনুবিভাগ হতে প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করবেন। | ১. সংশ্লিষ্ট অনুবিভাগ<br><br>২. দপ্তর ও সংস্থা প্রধান |
| | ৮.৩ বিআইডব্লিউটিএর ঘাট/পয়েন্ট ইজারা বিরোধ সংক্রান্ত। | ক. যুগ্মসচিব (প্রশাসন) জানান যে, এ বিষয়ে বিআইডব্লিউটিএ'র সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে অতিরিক্ত সচিব (সংস্থা-১), নৌপরিবহন মন্ত্রণালয় এর সভাপতিত্বে গত ০১-১২-২০২১ তারিখে এক সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত মোতাবেক বিআইডব্লিউটিএ'র ইজারাকৃত বিরোধপূর্ণ ঘাট/পয়েন্ট এর দাগ | ক. বিআইডব্লিউটিএ ইজারাকৃত বিরোধপূর্ণ ঘাট/পয়েন্ট এর দাগ এবং মৌজা নম্বরসহ বিস্তারিত তথ্য জরুরি ভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরণ করবে। | বিআইডব্লিউটি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | এবং মৌজা নম্বরসহ বিস্তারিত তথ্যাদি এখনো মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়নি।<br>খ. ১০-০৩-২০২২ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক অতিরিক্ত সচিব(সংস্থা-১)-কে আহবায়ক করে ৬ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটির কার্যক্রম চলমান রয়েছে।<br>সভাপতি বলেন যে, বিরোধপূর্ণ ঘাটগুলো ইজারা প্রদানের সময় জেলা প্রশাসকদের সাথে সমন্বয় করার জন্য নির্দেশা প্রদান করেন। | খ. এ বিষয়ে সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগের সাথে সভা করতে হবে। | |
| | **৮.৪ বিভাগীয় মামলার তথ্য প্রেরণ।** | যুগ্মসচিব (প্রশাসন) জানান যে, মন্ত্রণালয়ে ৪টি বিভাগীয় মামলা রয়েছে এবং দপ্তর ও সংস্থাসমূহের কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলা এ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা থেকে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে মর্মে সভাকে অবহিত করেন।<br><br>অতিরিক্ত সচিব (বন্দর) জানান যে বিভাগীয় মামলার তথ্যাদি মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ছকে তথ্য প্রেরণের জন্য দপ্তর/সংস্থাসমূহকে অনুরোধ করা হলেও তারা ছকে তথ্যাদি প্রেরণ করছে না মর্মে সভায় উল্লেখ করেন।<br><br>সভাপতি মহোদয় মন্ত্রণালয়ের ৪টি মামলার বিষয়ে জানতে চাইলে উপসচিব (প্রশাসন) জানান নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন নৌপরিবহন অধিদপ্তরের চীফ ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার জনাব এ কে এম ফখরুল ইসলাম, চীফ ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার জনাব এস এম নাজমুল হক, | ক, কর্মকর্তা/ কর্মচারীদের বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলা তথ্যাদি নির্ধারিত ছকে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br><br>খ. দপ্তর ও সংস্থাসমূহের কর্মকর্তা/ কর্মচারীদের বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলা এ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা থেকে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>গ. দ্রুত সময়ের মধ্যে বিভাগীয় মামলা নিষ্পত্তি করতে হবে। | ১. দপ্তর ও সংস্থা প্রধানগণ।<br><br>২. সংশ্লিষ্ট শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | নৌপরিবহন মন্ত্রণালয়ের অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক জনাব মোঃ সাইদুর রহমান এবং অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক জনাব মোঃ দাউদ হোসেন-এর বিরুদ্ধে বিভাগীয় মামলা রয়েছে। | | |
| | **৮.৫ অনিষ্পন্ন কাজের তালিকা প্রেরণ।** | যুগ্মসচিব (প্রশাসন) জানান যে, এ মন্ত্রণালয়ের টিসি শাখা হতে ৫টি, বিএসসি শাখা ৩টি, বাস্থবক শাখা হতে ৫টি এবং মোবক শাখা হতে ৬টি অনিষ্পন্ন কাজের তালিকা পাওয়া গেছে। অন্যান্য শাখা হতে অনিষ্পন্ন কাজের তালিকা পাওয়া যায়নি বিধায় দপ্তর ও সংস্থাসমূহের অনিষ্পন্ন তালিকা মন্ত্রণালয়ের অধিশাখা/শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ সভায় উপস্থাপন করবেন মর্মে সভাকে অবহিত করেন।<br>সভাপতি মহোদয় দপ্তর/সংস্থা প্রধানকে তাদের অনিষ্পন্ন বিষয়াদি উপস্থাপন অনুরোধ করেন। তৎপরিপ্রেক্ষিতে চেয়ারম্যান বিআইডব্লিউটিসি জানান যে বিআইডব্লিউটিসির সাংগঠনিক মন্ত্রণালয়ে পেন্ডিং রয়েছে এবং “বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশন আইন, ২০১৯” বিআইডব্লিউটিসির নিকট পেন্ডিং রয়েছে।<br>মহাপরিচালক নৌপরিবহন অধিদপ্তর জানান যে কর্মকর্ত/কর্মচারীদের নিয়োগবিধি জনপ্রশাসন মন্ত্রণালয়ে পেন্ডিং রয়েছে।<br>সভাপতি মহোদয় সকল দপ্তর ও সংস্থার অনিষ্পন্ন বিষয়গুলো দ্রুত নিষ্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করেন। | ক. মাসিক সমন্বয় সভায় মন্ত্রণালয় এবং দপ্তর ও সংস্থাসমূহের অনিষ্পন্ন কাজের তালিকা সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করবে।<br><br>খ. দপ্তর ও সংস্থাসমূহের অনিষ্পন্ন তালিকা মন্তণালয়ের সংশ্লিষ্ট অধিশাখা/শাখা কর্তৃক যাচাই-বাছাই করে চূড়ান্ত তালিকা সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে।<br><br>গ. সকল দপ্তর ও সংস্থার অনিষ্পন্ন বিষয়গুলো দ্রুত নিষ্পন্ন করতে হবে। | ১. মন্ত্রণালয়<br><br>২. দপ্তর ও সংস্থা |

৩।	সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/-
২০-০৬-২০২২
(মোঃ মোস্তফা কামাল)
সচিব

স্মারক নম্বর: ১৮.০০.০০০০.০৩৬.০৬.০১৬.১৯(অংশ-১).১১১

তারিখ ৬ আষাঢ় ১৪২৯ ব:
২১ জুন, ২০২২ খ্রি:

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

১।	চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন/চবক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/মোবক/বাস্থবক/পাবক।
২।	মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা।
৩।	ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।
৪।	যুগ্মসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়।
৫।	কমান্ড্যান্ট, মেরিন একাডেমি, জুলদিয়া, আনোয়ারা, চট্টগ্রাম।
৬।	উপসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়।
৭।	পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম।
৮।	কমান্ড্যান্ট, মেরিন একাডেমি, বরিশাল/পাবনা/সিলেট ও রংপুর।
৯।	অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, দক্ষিণ হালিশহর, বন্দর, চট্টগ্রাম-৪১০০।
১০।	প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

২৩.৬.২২
(মোঃ আলাউদ্দিন)
সহকারী সচিব
সংসদ ও সমন্বয়

অনুলিপি:

১।	মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
২।	সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
৩।	অতিরিক্ত সচিব (প্রশাসন/বন্দর/উন্নয়ন/সংস্থা-১/সংস্থা-২)-এর ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।

নৌপরিবহন মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে ০৯-০৬-২০২২ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় উপস্থিত কর্মকর্তাগণের স্বাক্ষর:

| ক্রম | কর্মকর্তার নাম, পদবী ও দপ্তর | মোবাইল/ফোন নাম্বার | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | লায়লা ইয়াসমিন, অতিঃ সচিব, নৌপম | ০১৭১৬ ৭২ ৫৬ ৩৩ | 2022 |
| ২. | সুলতান আব্দুল হামিদ, অতি: সচিব (উ:১), নৌপম | ০১৭১৫০৫১৫০৪ | ৯/৬/2022 |
| ৩. | [illegible], অতিরিক্ত সচিব | ০১৭১২৮৮১২২৬ | ৯/৬/২২ |
| ৪. | মোঃ আবেদুল ইসলাম, অতিরিক্ত সচিব (বন্দর) | 01715170370 | ৯/৬/2022 |
| ৫. | ড. মো: রফিকুল ইসলাম খান, যুগ্মসচিব (উন্নয়ন) | ০১৭১৫২১৫৯১৫ | ৯/৬/2022 |
| ৬. | ড. আ. ন. ম. [illegible], যুগ্মসচিব নৌপম | | ৯/৬/2022 |
| ৭. | মো: [illegible], DD, NRCC | 01732836555 | ৯/৬/22 |
| ৮. | ড. খ ম কবিরুল ইসলাম, উপপরিচালক, NRCC | ০১৬৩১৬৪৬৭২ | ০৯/০৬/22 |
| ৯. | মোঃ মনিরুজ্জামান মিঞা, উপসচিব, নৌপম | ০১৭১২২২০৭১৪০ | ০৯/০৬/2022 |
| ১০. | এস এম হুমায়ুন কবির সরকার, উপসচিব, MoS | 01715-253470 | ৯/৬/2022 |
| ১১. | জি. এম. ফয়সাল আহমদ, সিস্টেম এনালিস্ট, নৌপম | ০১৭১১৬২২০৪৭ | ৯/৬/২২ |
| ১২. | মো. সাইফুল ইসলাম, উপসচিব নৌপম | ০১৭১২৬৬২৬১১ | ৯/০৬/২২ |
| ১৩. | মোহাম্মদ জাহিদুল ইসলাম মিঞা, সি.স. সচিব, নৌপম | 01711165819 | ৯/০৬/2022 |
| ১৪. | মো: আলমগীর কবির, সিনিয়র সহকারী সচিব (নৌপম) | ০১৭১১৭৭৪৯৬০ | ৯/৬/২২ |
| ১৫. | [illegible] (মেরিটাইম ইনস্টিটিউট) | 01718006699 | 09.06.2022 |
| ১৬. | সুমন চক্রবর্তী, পরিচালক (উপসচিব), [illegible], ফরিদপুর | 0181961111২ | |
| ১৭. | মোছা: জেসমিন আকতার বানু, সিসস (পরি:২) নৌপম | 01716783573 | ০৯/০৬/2022 |

D:\Sharmin E Drive\Somonnoy Sova\attendence.docx

| ক্রম | কর্মকর্তার নাম, পদবী ও দপ্তর | মোবাইল/ফোন নাম্বার | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১৮ | মোঃ আলমগীর কবির<br>উপসচিব (পরি-৩)<br>নৌপম | ০১৭১১৭০৯৬৪৬ | ০৯/০৬/০২২ |
| ১৯. | সালাহউদ্দিন আহাম্মদ<br>যুগ্মসচিব (উন্নয়ন-১ ও পিপিপি) | 01712176425 | ৯/৬/2022 |
| ২০. | কমোডোর এম মামুনুর রশীদ, (ঈম),<br>মহাপরিচালক, এইচডব্লিউপি,<br>চট্টগ্রাম | 01780184300 | ৯/৬/22 |
| ২১. | কমডোর এম এম মনিরুজ্জামান<br>এমডি বিএসসি | 01886555566 | 09.06.22 |
| ২২. | ~~কমোডোর~~ কমোডোর গোলাম সাদেক<br>চেয়ারম্যান BIWTA | 01968390000 | 09.06.22 |
| ২৩. | আহমদ শামীম আল রাজী<br>অতি: সচিব<br>চেয়ারম্যান BIWTC | 01712911607 | ৯.৬.২২ |
| ২৪. | কমডোর জালাল উদ্দিন<br>ডিজি শিপিং | ০১৭৬৬৬৮৮৬৮৭ | ০৯/০৬/22 |
| ২৫. | মো. আলমগীর<br>চেয়ারম্যান, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ | ০১৭০৭০৭৬০৪৪ | ০৯/০৬/2022 |
| ২৬. | ড. [illegible] (পরি (চ্ঃদাঃ))<br>চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন | ০১৭৩২৭০৮৭৪৮ | 9/06/22 |
| ২৭ | মোঃ মাহমুদুর রশিদ খান<br>সি: স: সচিব | 01712726123 | 9/06/2022 |
| ২৮. | মোঃ জাহিদুল কবির<br>সহকারী প্রোগ্রামার | 01870663202 | 09-06-22 |
| ২৯. | আজিজুর রহমান<br>প্রোগ্রামার, নৌপম | 01911-220093 | 09.06.22 |
| ৩০. | মোঃ আমিনুল ইসলাম<br>হিসাবরক্ষণ কর্মকর্তা, নৌপম | 01552657909 | ০৯/০৬/২০২২ |
| ৩১. | মোঃ [illegible]<br>সহঃ [illegible] | 01817509277 | ৯.৬.22 |
| ৩২. | | | |
| ৩৩. | | | |

:পরিশিষ্ট ১-

## ই-নথি কার্যক্রমের ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর, ২০২১) অগ্রগতি প্রতিবেদন

| | |
|---|---|
| হার্ডফাইলে নথি নিষ্পত্তিঃ | ২৪৫টি |
| ই-ফাইলে নথি নিষ্পত্তিঃ | ১১৬২ |
| সর্বমোট নথি নিষ্পত্তিঃ | ১৪০৭ |
| **ই-নথিতে নিষ্পত্তির হারঃ** | **৮২.৫৮** |

## ই-নথি কার্যক্রমের ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২১) অগ্রগতি প্রতিবেদন

| | |
|---|---|
| ই-ফাইলে নথি নিষ্পত্তিঃ | ২০৪৮ |
| হার্ডফাইলে নথি নিষ্পত্তিঃ | ৩৯১ |
| সর্বমোট নথি নিষ্পত্তিঃ | ২৪৩৯ |
| **ই-নথিতে নিষ্পত্তির হারঃ** | ৮৩.৯৭ |

## ই-নথি কার্যক্রমের ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২২) অগ্রগতি প্রতিবেদন

| | |
|---|---|
| ই-ফাইলে নথি নিষ্পত্তিঃ | ২০০৪ |
| হার্ডফাইলে নথি নিষ্পত্তিঃ | ৩৩২ |
| সর্বমোট নথি নিষ্পত্তিঃ | ২৩৩৬ |
| ই-নথিতে নিষ্পত্তির হারঃ | ৮৫.৭৯ |

| নৌপরিবহন মন্ত্রণালয় এর ই-নথি কার্যক্রমের রিপোর্ট (০১ - ৩১ মে, ২০২২) | | | | |
|---|---|---|---|---|
| শাখা/অধিশাখা | ডাক সৃজিত নোটে নিষ্পত্তি | নোটে নিষ্পত্তি | পত্রজারিতে নিষ্পন্ন নোট | মোট |
| চবক শাখা | ১৩৩ | ০ | ১৩ | ১৪৬ |
| পরিকল্পনা-৩ শাখা | ৮৫ | ২ | ৭ | ৯৪ |
| পরিকল্পনা-১ অধিশাখা | ৭৭ | ৬ | ৯ | ৯২ |
| মোবক শাখা | ৩৮ | ৩৯ | ১০ | ৮৭ |
| সংসদ ও সমন্বয় শাখা | ৬১ | ১ | ৩ | ৬৫ |
| উন্নয়ন-২ অধিশাখা | ২৩ | ৫ | ৩৪ | ৬২ |
| বাস্থবক শাখা | ৪১ | ৩ | ৪ | ৪৮ |
| টিএ শাখা | ৯ | ১৩ | ২৪ | ৪৬ |
| প্রশাসন শাখা | ২১ | ৩ | ১৬ | ৪০ |
| জাহাজ শাখা | ১৮ | ২ | ১৩ | ৩৩ |
| নৌশিক্ষা ও প্রশিক্ষণ | ১৮ | ৮ | ৬ | ৩২ |
| সুশাসন শাখা | ২৫ | ২ | ২ | ২৯ |
| উন্নয়ন-১ অধিশাখা | ৪ | ৬ | ১৮ | ২৮ |
| টিসি শাখা | ১০ | ৩ | ১২ | ২৫ |
| পরিকল্পনা-২ শাখা | ১৫ | ৩ | ০ | ১৮ |
| চুক্তি ও প্রটোকল শাখা | ৬ | ১ | ৯ | ১৬ |
| অডিট শাখা | ১৩ | ২ | ০ | ১৫ |
| আইন শাখা | ৭ | ০ | ৭ | ১৪ |
| উন্নয়ন-৩ শাখা | ১ | ০ | ১১ | ১২ |
| হিসাব শাখা | ১২ | ০ | ০ | ১২ |
| বিএসসি শাখা | ৬ | ২ | ০ | ৮ |
| পিপিপি শাখা | ০ | ০ | ৫ | ৫ |
| পাবক শাখা | ২ | ০ | ০ | ২ |
| বাজেট শাখা | ১ | ০ | ০ | ১ |

| দপ্তর/সংস্থার ই-নথি কার্যক্রমের রিপোর্ট (০১ - ৩১ মে, ২০২২) | | | | |
|---|---|---|---|---|
| দপ্তর/সংস্থা | ডাক সৃজিত নোটে নিষ্পত্তি | নোটে নিষ্পত্তি | পত্রজারিতে নিষ্পন্ন নোট | মোট |
| চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ | ১১২৮৭ | ১৯৮১ | ১৫৬৮ | ১৪৮৩৬ |
| নৌপরিবহন অধিদপ্তর | ৫৬ | ৪৯৬ | ৫০৫ | ১০৫৭ |
| বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ | ১১২ | ৪৪১ | ৪৭৫ | ১০২৮ |
| বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্পোরেশন | ৩১ | ২৯১ | ১১৬ | ৪৩৮ |
| বাংলাদেশ শিপিং কর্পোরেশন | ২৮ | ২৫৪ | ১১৮ | ৪০০ |
| মোংলা বন্দর কর্তৃপক্ষ | ১১ | ১৪২ | ১৫৬ | ৩০৯ |
| বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ | ৪৭ | ৪৪ | ৫২ | ১৪৩ |
| পায়রা বন্দর কর্তৃপক্ষ | ২২ | ৭৪ | ৩৫ | ১৩১ |
| নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর | ৩৭ | ২৭ | ৩৬ | ১০০ |
| বাংলাদেশ মেরিন একাডেমী | ০ | ২২ | ৩৬ | ৫৮ |
| ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট | ০ | ৫ | ১৮ | ২৩ |